## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জাতীয় রাজস্ব বোর্ড ঢাকা।

## [ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুক্ক ] প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ / ২১ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং-১৩৯-আইন/২০২৩/২১৬-মুসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫, ধারা ৫৮ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উৎপাদিত বা আমদানিকৃত তামাকযুক্ত সিগারেটের মূল্য নির্ধারণসহ উহার প্যাকেটে স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

## উপরি-উক্ত বিধিমালার-

- (ক) বিধি ৫ এর উপ-বিধি (৪) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৪) প্রতিস্থাপিত হইবে, যথা:-
  - "(8) বিধি ৪ ও এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে নিম্ন টেবিলের, যথাক্রমে, কলাম (২), (৩), (৪) ও (৫) এ উল্লিখিত সিগারেটের প্যাকেটের সর্বোচ্চ খুচরা মূল্যস্তর, শলাকা সংখ্যা, প্রকৃতি ও ডিজাইন অনুযায়ী, অনুচ্ছেদ ৬ এর বিধান সাপেক্ষে, স্ট্যাম্প বা ব্যান্ডরোল ব্যবহার করিতে হইবে, যথা:-

## টেবিল

ক্রমিক নং	সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(১)	(২)	(৩)	(8)	<b>(©)</b>	(৬)
51	৪৫ টাকা ও তদূর্ধ্ব	50	শেল এন্ড স্লাইড	হালকা সবুজ	ব্যান্ডরোল
		50	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা খয়েরি	স্ট্যাম্প
الا	৬৭ টাকা ও তদূর্ধ্ব	50	শেল এন্ড স্লাইড	হালকা গোলাপী	ব্যান্ডরোল
		50	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প

ক্রমিক নং	সর্বোচ্চ খুচরা মূল্য (প্রতি দশ শলাকা)	শলাকা সংখ্যা	সিগারেটের মোড়কের (প্যাকেট) প্রকৃতি	ডিজাইন	স্ট্যাম্প বা ব্যান্ডরোল
(5)	( <del>?</del> )	(৩)	(8)	<b>(©)</b>	(৬)
		২০	হার্ড এন্ড সফট	হালকা সবুজ	স্ট্যাম্প
ত।	১১৩ টাকা ও তদুৰ্ধ্ব	50	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা নীল	স্ট্যাম্প
81	১৫০ টাকা ও তদৃর্ধ	50	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		১২	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প
		২০	হার্ড এন্ড সফট	হালকা মেরুন	স্ট্যাম্প

- ";
- (খ) বিধি ৬ এর উপ-বিধি (১) এর দফা (খ) এর উপ-দফা (ই) তে উল্লিখিত "খুচরা মূল্য" শব্দগুলির পরিবর্তে "সর্বোচ্চ খুচরা মূল্য" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (গ) বিধি ১১ এর উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-
  - "(২) সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদনস্থল হইতে সরবরাহ-ভিত্তিক সর্বোচ্চ খুচরা মূল্যের উপর সমুদয় মূসক, সম্পুরক শুন্ধ ও সারচার্জ পরিশোধ করিতে হইবে।"।
- ২। এই প্রজ্ঞাপন ০১ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

( জাকিয়া সুলতানা ) সদস্য (মুসক নীতি)